# AKASHVANI(AIR)
## RNU:KOLKATA
## BengaliText Bulletin

**Date 07-01-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে আগামীকাল বৈঠকে বসছে নির্বাচন কমিশন।

২) নোবেল জয়ী অর্মত্য সেনকে এসআইআর-এর শুনানিতে ডাকা নিয়ে ওঠা বিতর্ক প্রসঙ্গে নির্বাচন কমিশন নিজের অবস্থান স্পষ্ট করে জানিয়েছে, তাঁকে শুনানিতে আসতে হবে না।

৩) রাজ্য পুলিশের পরবর্তী মহা নির্দেশক নিয়োগের বিষয়ে পাঠানো প্যানেল ফেরত পাঠিয়েছে ইউ পি এস সি।

৪) আসন্ন মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড আগামী ২০ শে জানুয়ারি থেকে দেওয়া হবে।

৫) সারা রাজ্যেই কনকনে শীতের প্রকোপ অব্যাহত রয়েছে। আজ নিয়ে পরপর দুদিন কলকাতায় সবচেয়ে কম তাপমাত্রা নেমেছে দশের ঘরে।

oooooooooooooooooooo

ভোটমুখী রাজ্যগুলির পর এবার সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে বসছে নির্বাচন কমিশন। আগামীকাল সকাল ১০টা থেকে

জরুরি ভিত্তিতে দেশের সমস্ত রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসতে চলেছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার।

সূত্রের দাবি, চলতি SIR প্রক্রিয়া, ভোট প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়েই এই বৈঠকে আলোচনা হতে পারে। আজ রাতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল দিল্লি যাবেন।

oooooooooooooooooooooo

নোবেল জয়ী অর্মত্য সেনকে এসআইআর-এর শুনানিতে ডাকা নিয়ে ওঠা বিতর্ক প্রসঙ্গে নির্বাচন কমিশন নিজের অবস্থান স্পষ্ট করেছে। জানানো হয়েছে, অমর্ত্য সেনকে শুনানিতে হাজির হতে হবে না। যেহেতু ভোটার তালিকায় নামের বানান বা অনুরূপ ছোটখাটো তথ্যগত ভুল সংশোধনের ক্ষমতা আগেই বুথ লেভেল আধিকারিকদের দেওয়া হয়েছে, তাই এই নাম বিভ্রাটের সংশোধনও সংশ্লিষ্ট বিএলও-ই করবেন। অর্থাৎ, বিষয়টি প্রশাসনিক স্তরেই মিটে যাবে। নির্বাচন কমিশনের বক্তব্য, নামের বানানজনিত ত্রুটিকে কেন্দ্র করে যে বিভ্রান্তি তৈরি হয়েছে, তা সম্পূর্ণই প্রযুক্তিগত। এর সঙ্গে ভোটারের যোগ্যতা বা শুনানি প্রক্রিয়ার কোনও সম্পর্ক নেই। কমিশনের দাবি, এই ধরনের ক্ষেত্রে যাতে অপ্রয়োজনীয় বিতর্ক না তৈরি হয়, সে বিষয়েও সংশ্লিষ্ট আধিকারিকদের সতর্ক করা হয়েছে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকার তথাকথিত তথ্যগত অসঙ্গতি বা লজিক্যাল ডিসক্রিপেন্সি সংক্রান্ত সমস্ত নোটিশ অবিলম্বে ডাউনলোড করে দিন চারেকের মধ্যেই সংশ্লিষ্ট ভোটারদের হাতে পৌঁছে দিতে নির্বাচন কমিশন কঠোর নির্দেশ দিয়েছে।

এই কাজে কোনও রকম গাফিলতি বরদাস্ত করা হবে না বলেও স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের এই নির্দেশ জানিয়ে দেওয়া হয়েছে। প্রতিদিন বিধানসভা কেন্দ্রভিত্তিক কতগুলি লজিক্যাল ডিসক্রিপেন্সি নোটিশ পাঠানো হল, তার বিস্তারিত রিপোর্ট জমা দিতে হবে।

উল্লেখ্য, রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন চলাকালীন প্রথম দফায় তথ্যগত অসঙ্গতির তালিকায় প্রায় এক কোটি ছত্রিশ লক্ষ ভোটারের নাম উঠে এসেছিল। তবে পরবর্তী যাচাই ও সংশোধনের পরে সেই সংখ্যা কমেছে। সর্বশেষ হিসেব অনুযায়ী, লজিক্যাল ডিসক্রিপেন্সির আওতায় থাকা ভোটারের সংখ্যা নেমে এসেছে প্রায় পঁচানব্বই লক্ষে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকার অসঙ্গতি রুখতে নির্বাচন কমিশন, সরকারি দপ্তরে কর্মরত আধিকারিক ও কর্মীদের কাছ থেকে লিখিত হলফনামা নেওয়ার প্রক্রিয়া শুরু করছে। কোনও সরকারি কর্মীর নাম, দু'টি আলাদা বিধানসভা কেন্দ্রের ভোটার তালিকায় রয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতেই এই উদ্যোগ।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, এই মর্মে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে চিঠি পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে, তাদের অধীনস্থ কর্মীদের কাছ থেকে নির্দিষ্ট ফরম্যাটে ঘোষণা বা হলফনামা সংগ্রহ করতে হবে। ওই ঘোষণাপত্রে কর্মীকে জানাতে হবে, ঠিকানা অনুযায়ী তিনি বর্তমানে কোন্ বিধানসভা কেন্দ্রের ভোটার। পাশাপাশি, আগে যে বিধানসভা কেন্দ্রের ভোটার তালিকায় নাম ছিল, সেখান থেকে নাম কাটার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে কি না, তাও স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

oooooooooooooooooooooo

ফরেস্ট রাইটস অ্যাক্টের অধীনে নথিগুলি বৈধ প্রমাণপত্র হিসেবে গ্রহণ করার জন্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি দিয়েছেন। গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এসআইআর চলাকালীন বহু চা বাগান শ্রমিকের কাছে জন্ম বা শিক্ষাগত শংসাপত্র না থাকায় ভোটার তালিকা থেকে তাদের নাম বাদ পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। ২০০৬ সালের ফরেস্ট রাইটহ অ্যাক্ট অনুযায়ী চা বাগান শ্রমিকদের জমির মালিকানা বা অধিকার পাওয়ার কথা থাকলেও রাজ্য

সরকার সেই আইন কার্যকর করেনি। শুধুমাত্র পশ্চিমবঙ্গেই এই আইন মানা হচ্ছে না বলে বিরোধী দলনেতা জানিয়েছেন। লিজ বা ভাড়া দেওয়ার মাধ্যমে শ্রমিকদের অধিকার খর্ব করা হচ্ছে। শ্রী অধিকারী আরও জানান, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলার একাধিক চা বাগানে গত চার থেকে পাঁচ মাস ধরে শ্রমিকরা বেতন পাচ্ছে না। এর ফলে বহু চা বাগান কার্যত বন্ধ অথবা সংকটজনক অবস্থায় রয়েছে। এই পরিস্থিতির জন্য তিনি সরাসরি রাজ্য সরকারের শ্রম দপ্তরের ব্যর্থতাকে দায়ী করেন। বিরোধী দলনেতা অবিলম্বে শ্রমিকদের পাঁচ মাসের বকেয়া বেতন মেটানোর দাবি জানান।

oooooooooooooooooooooo

বিকশিত ভারত এবং আত্মনির্ভর ভারত গড়ে তুলতে ২০২৫ সালটি একটি সংস্কারের বছর। অন্যান্য প্রতিটি ক্ষেত্রের মতই প্রধানমন্ত্রীর নেতৃত্বে এসেছে শক্তি ক্ষেত্রেও সংস্কার।

একটি প্রতিবেদন -

(ভিসি-অভিজিৎ)

ooooooooooooooooooooo

রাজ্য পুলিশের পরবর্তী মহানির্দেশক নিয়োগকে কেন্দ্র করে প্রশাসনিক ও আইনি জটিলতার সৃষ্টি হয়েছে। পরবর্তী মহা নির্দেশকের নাম প্রস্তাব করে রাজ্য সরকারের পাঠানো প্যানেল  এমপ্যানেলমেন্ট কমিটির কাছে পাঠানো হয়েছিল, তা ফেরত পাঠিয়েছে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পাশাপাশি ইউপিএসসি তরফে রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে পাঠানো চিঠিতে ডিজি পদে রাজীব কুমারের নিয়োগ নিয়েও একাধিক প্রশ্ন তোলা হয়েছে। প্রশাসনিক সূত্রের মতে, এই চিঠির পর বর্তমান ডিজিপি রাজীব কুমারকে বেছে নেওয়ার পুরো প্রক্রিয়াই নতুন করে বিতর্কের মুখে পড়েছে।

ওই চিঠিতে কেন্দ্রীয় সরকারের তরফে স্পষ্ট করে জানানো হয়েছে যে, ডিজি নিয়োগ সংক্রান্ত প্রস্তাব ও নথিতে বেশ কিছু অসঙ্গতি রয়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশিকা ও ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের নির্ধারিত গাইডলাইন ঠিক ভাবে মানা হয়েছে কি না, সেই বিষয়েও প্রশ্ন তোলা হয়েছে। এই অবস্থায় রাজ্যকে নতুন করে প্রস্তাব পাঠানোর ইঙ্গিতও দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

আসন্ন মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড আগামী ২০ শে জানুয়ারি থেকে দেওয়া হবে। ওই দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত পর্ষদের ৪৮টি ক্যাম্প অফিসে অ্যাডমিট কার্ড বিতরণ করা হবে বলে মধ্য শিক্ষা পর্ষদ জানিয়েছে। এবছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২ ফেব্রুয়ারি। ঐচ্ছিক বিষয়-সহ সমস্ত বিষয়ের পরীক্ষা চলবে ১২-ই ফেব্রুয়ারি পর্যন্ত। আগে পড়ার জন্য সকাল ১০টা ৪৫ মিনিটে প্রশ্নপত্র হাতে দেওয়া হবে। সকাল ১১ টা থেকে দুপুর ২টো পর্যন্ত পরীক্ষা চলবে।

ooooooooooooooooooooo

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রক নিউ এজ ফাইবার বা আধুনিক যুগের তন্তু চাষের উপর বিশেষ জোর দিচ্ছে। কলকাতায় গতকাল ন্যাশনাল ন্যাচারাল ফাইবার ফেস্টিভ্যালের সমাপ্তি অনুষ্ঠানে মন্ত্রকের যুগ্ম সচিব পদ্মিনী সিংলা জানিয়েছেন,কলা,আনারস,রামি, ফ্লেক্স সহ নতুন ধরনের আধুনিক যুগের তন্তগুলির চাষ কম হয়। তবে এই নিউ এজ ফাইবারের চাহিদা যথেষ্ট রয়েছে। তাই এই ফাইবারের উৎপাদন, প্রক্রিয়াকরণ এবং দেশ ও দেশের বাইরে তার বিক্রয়ের উপরে মন্ত্রক বিশেষ গুরুত্ব দিচ্ছে।

আইসিএআর ন্যাশনাল ইনষ্টিটিউট অফ ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সংস্থার অধিকর্তা ডি বি সাখ্যোয়ার জানিয়েছেন, ন্যাশনাল ন্যাচারাল ফাইবার ফেস্টিভ্যালের অঙ্গ হিসেবে তাদের সংস্থার প্রতিষ্ঠা দিবসে ন্যাচারাল ফাইবার নিয়ে সম্মেলন, কৃষি মেলা এবং ন্যাচারাল ফাইবার বিজনেস কনক্লেভের আয়োজন করা হয়েছিল।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গড়ে অশান্ত পরিস্থিতির ওপর নজর রাখতে কলকাতা পুলিশকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। ভাঙ্গড়ের প্রাক্তন জেলা পরিষদ সদস্য কাইজার আহমেদ এবং ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লার মামলায় বিচারপতি শুভ্রা ঘোষ, এই নির্দেশ দেন।

উল্লেখ্য, গত অক্টোবরে কাইজারের দপ্তরে শতাধিক দুষ্কৃতী হামলা চালায় বলে অভিযোগ। শওকত সহ ১৫ জন তৃণমূল কংগ্রেস কর্মীকে গ্রেপ্তারের দাবী জানিয়ে হাইকোর্টে মামলা করেন কাইজার। এর প্রেক্ষিতেই কলকাতা পুলিশকে নজরদারির পাশাপাশি তদন্ত নিরপেক্ষ ও স্বচ্ছ করার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, ভাঙ্গড় দু'নম্বর ব্লকের উত্তর কাশীপুর থানার অন্তর্গত ছেলে-গোয়ালিয়া এলাকায় এক তৃণমূল কংগ্রেস কর্মীকে মারধোরের অভিযোগ উঠেছে ISF-এর বিরুদ্ধে। বিধায়ক শওকত মোল্লাকে নিয়ে বিরূপ মন্তব্যের প্রতিবাদ করাতেই সরিফুল মোল্লা নামে ওই ব্যক্তির ওপর হামলা চালানো হয় বলে অভিযোগ। যদিও ISF-এর পক্ষ থেকে অভিযোগ অস্বীকার করা হয়েছে।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে পুলিশের নিষেধ থাকা সত্বেও জমি দখলের একটি মামলায় মূল অভিযুক্ত মুসা মোল্লাকে বসিরহাট আদালত সাত দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। সোমবার ন্যাজাট থানার পুলিশ তাকে পাকড়াও করে।

এর আগে গত শুক্রবার শেখ শাহাজাহান অনুগামী মুসাকে গ্রেপ্তার করতে গেলে পুলিশের ওপর চড়াও হয় তার দলবল। আহত হন তিন পুলিশ কর্মী। পুলিশের ওপর হামলার ঘটনাতেও মুসাকে মূল অভিযুক্ত হিসেবে চিহ্নিত করা হয়। এর পর থেকেই পলাতক ছিল সে।

এর আগে মুসার ছোট ভাই মোর্তাজা মোল্লা ও তাঁর দুই ছেলেকেও পুলিশ জীবনতলা থেকে পাকড়াও করে। এই নিয়ে ঐ ঘটনায় মোট ১৩ জন ধরা পড়লো।

oooooooooooooooooooooo

সারা রাজ্যেই কনকনে শীতের প্রকোপ অব্যাহত রয়েছে। আজ নিয়ে পরপর দুদিন কলকাতায় সবচেয়ে কম তাপমাত্রা নেমেছে দশের ঘরে। আজ আলিপুরে সর্ব নিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ৩ দশমিক ৬ ডিগ্রি কম।

এদিকে আজ  বীরভূম ও বর্ধমান জেলায় বিক্ষিপ্ত ভাবে শৈত্য প্রবাহের সতর্কতা দেওয়া হয়েছে। শীতল আবহাওয়া পরিস্থিতি থাকতে পারে হুগলি মুর্শিদাবাদ নদিয়া পশ্চিম বর্ধমানের কিছু কিছু জায়গায়। এছাড়া দক্ষিণবঙ্গের মুর্শিদাবাদ নদিয়া বীরভূম এবং উত্তর ২৪ পরগনা জেলায় বিক্ষিপ্তভাবে ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকার পূর্বাভাস রয়েছে। কুয়াশা থাকার কারণে জেলা গুলিতে দিনের তাপমাত্রাও কম থাকবে।

বঙ্গোপসাগরে তৈরি নিম্নচাপের কারণে উত্তর ও উত্তর পশ্চিমের বাতাসের গতিবেগ বৃদ্ধি পাওয়ায় এইরকম শীত অনুভূত হচ্ছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলে প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট – হাবিবুর)

ooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo